



অ্যাপসের মাধ্যমে স্মার্ট অফিস ব্যবস্থাপনা SMART OFFICE MOBILE APPS



জেনারেশন রিপোর্ট সহ সকল তথ্য মোবাইলে।
পেপারলেস অফিস রূপান্তরে অগ্রণী ভূমিকা

| বিদ্যমান সমস্যা | সমাধানের জন্য গৃহীত পদক্ষেপ |
|--|--|
| কোম্পানির বিভিন্ন সভার নোটিশ, কার্যপত্র, কার্যবিবরণী, অফিস আদেশ, পরিপত্র এবং অন্যান্য তথ্য-উপাত্ত প্রচলিত পদ্ধতিতে যথাসময়ে সংশ্লিষ্ট সকলকে অবহিত করা সময়সাপেক্ষ। | মোবাইল অ্যাপস এ সকল তথ্য ও রিপোর্ট আপলোড করা হয়। ব্যবহারকারীরা অফিস বা বাসায় যে কোন অবস্থান থেকে অ্যাপস এর মাধ্যমে তথ্য ও রিপোর্ট অ্যাক্সেস করতে পারে। |
| বিদ্যুৎ উৎপাদন সম্পর্কিত জেনারেশন ডাটা প্রস্তুত এবং ম্যানেজমেন্ট কে অবহিত করতে অনেক কর্মঘণ্টা নষ্ট হয়। | ব্যবহারকারীরা বিদ্যুৎ উৎপাদন সম্পর্কিত জেনারেশন ডাটা দেখতে পারে। |
| কর্মকর্তা/ কর্মচারীদের মোবাইল নম্বর, ই-মেইল এ্যাড্রেসসহ যাবতীয় তথ্যাদি সহজে খুঁজে পাওয়া যায়না। | অ্যাপসটির মধ্যে একটি ফোন বুক তৈরি করা হয়েছে যার মাধ্যমে কর্মকর্তা/ কর্মচারীদের মোবাইল নম্বর, ই-মেইল এ্যাড্রেস, রক্তের গ্রুপ এবং অন্যান্য তথ্যাদি পাওয়া যায়। |
| সকল কর্মকর্তা/ কর্মচারীদেরকে দ্রুত কোন বিষয় অবহিত করার কোন সহজ মাধ্যম নেই। | অ্যাপসটির এডমিন প্যানেল হতে নোটিফিকেশন আকারে সকল ব্যবহারকারীর নিকট তৎক্ষণাত যে কোন তথ্য প্রেরণ করা যাবে। |

উদ্যোগটি যে সকল ক্ষেত্রে পরিবর্তন আনবেঃ

- স্মার্ট অফিস অ্যাপস এ ফোন বুক এর আওতায় কর্মকর্তা/ কর্মচারীদের মোবাইল নম্বর, ই-মেইল এ্যাড্রেস, রক্তের গ্রুপ সম্পর্কিত যাবতীয় তথ্যাদি সহজে পাওয়া যাবে এবং তথ্যাদি পেতে কোন ইন্টারনেট সংযোগ এর
- অ্যাপস ব্যবহারকারীগণ অফিসের বাইরে থেকেও বিদ্যুৎ কেন্দ্রের জেনারেশন রিপোর্ট সহ যেকোন নোটিশ, কার্যপত্র, ও অন্যান্য তথ্য-উপাত্ত সম্পর্কে অবহিত হতে পারবেন যা কোম্পানীর কাজে গতিশীলতা আনবে।
- অ্যাপস ব্যবহারকারী স্থায়ী দপ্তরে কিংবা দপ্তরের বাইরে যে অবস্থানে থাকেন না কেন তিনি অ্যাপসটির মাধ্যমে নোটিফিকেশন পেয়ে থাকবেন;
- অ্যাপসটি সঠিক ভাবে বাস্তবায়ন করা গেলে বিভিন্ন তথ্য-উপাত্ত প্রিন্ট করার প্রয়োজন অনেক কম হবে যা পেপারলেস অফিস বাস্তবায়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করবে;

টিসিভি(টাইম,কস্ট,ভিজিট) মূল্যায়ন(১ মাস সময়কাল):

| | টাইম (T) | কস্ট (C) | ভিজিট (V) |
|---------------------|--------------|-----------|-----------|
| বাস্তবায়নের পূর্বে | ৪০৫ জন ঘণ্টা | ১০০০ টাকা | ২৩২ |
| বাস্তবায়নের পরে | ৭৩ জন ঘণ্টা | ০ টাকা | ০ |
| সাশ্রয় হবে | ৩৩৩ জন ঘণ্টা | ১০০০ টাকা | ২৩২ |